ঘরের বউকে আগুনে পুড়িয়ে মারার চেষ্টা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : পারিবারিক কেচ্ছা ঢাকতে ঘরের বউকেই আগুনে পুড়িয়ে মারার অভিযোগ উঠেছে শ্বশুর বাড়ির লোকের বিরুদ্ধে। চাঞ্চল্যকর এই ঘটনাটি ঘটেছে বাগনান থানার বাইনান গ্রাম পঞ্চায়েত এলাকার দক্ষিণ হাবাল গ্রামে। আশঙ্কাজনক অবস্থায় ওই গৃহবধূ উলুবেড়িয়া হাসপাতালে ভর্তি। জানা গিয়েছে, দক্ষিণ হাবালের তরুণী গৃহবধূ নাসিমা ভালবাসত গ্রামেরই যুবক লাল মল্লিককে। কিন্তু লালের ভাই আনিসুর ভালবাসত ওই তরুণীকে। বছর খানেক আগে তরুণীর সঙ্গে বিয়ে হল লালের। বিয়ের মাস দুয়েক পরেই লাল কর্মসূত্রে চলে যায় আরবে। এরপরে একদা নিজের ভাললাগা তরুণী বৌদির একাকীত্বের সুযোগ নেওয়া চেষ্টা করত আনিসুর। পরে আনিসুরের মা মলিনা বিবিকে ও প্রতিবেশি সমবয়সী মহিলাদের বিষয়টি জানিয়েছিল তরুণী। কিন্তু তরুণীর শাশুড়ি ছোট ছেলে আনিসুরের পক্ষ নেয় এবং বদনাম করার চেষ্টা করছে বলে জানায়। এরপরে দিন কয়েক আগে তরুণীর স্বামী লাল মল্লিক আরব থেকে ফিরে আসছে বলে জানায়। শুরু হয় পারিবারিক অশান্তি। শনিবার সকালে তরুণীকে গায়ে কেরোসিন ঢেলে পুড়িয়ে মারার চেষ্টা করে শ্বশুর-শাশুড়ি। এরপর লোকমুখে খবর পেয়ে তরুণীর বাবার বাড়ির লোক গিয়ে তাকে হাসপাতালে ভর্তি করে। পুলিশ জানিয়েছে, অভিযুক্তদের খোঁজে তল্লাশি চালানো হচ্ছে।

. গলায় ফাঁস দিয়ে আত্মঘাতী ছাত্রী

নিজস্ব সংবাদদাতা, নদিয়া: বাড়িতে বকাবকি করায় গলায় ফাঁস দিয়ে আত্মঘাতী হল দশম শ্রেণির এক ছাত্রী। মৃতার নাম মহুয়া প্রামাণিক। ঘটনাটি নদিয়ার হাঁসখালি থানার কৈখালি চটকাতলাপাড়া এলাকার।

মহুয়া হরিতলা তারকদাস বিদ্যাপীঠের ছাত্রী। শুক্রবার বাবা তারক প্রামাণিক প্রতিবেশী যুবক সুমন বৈরাগীর সঙ্গে মহুয়াকে কথা বলতে দেখে। তারপর বাড়ি গিয়ে বকাবকি করে মেয়েকে। পাশাপাশি মেয়ের কাছে থাকা একটি মোবাইল ফোন নিয়েও প্রশ্ন করেন তিনি। তারপরই নিজের ঘরে ওড়নায় ফাঁস দিয়ে আত্মঘাতী হয় মহুয়া। পরিবারের লোকেরা মহুয়ার মৃতদেহ দেখার পর তাকে বগুলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যায়। সেখানেই তাকে মৃত বলে ঘোষণা করা হয়।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

3	8	1	4	2	5	9	7	6
4	6	5	9	8	7	3	2	1
2	9	7	1	3	6	4	5	8
1	3	8	2	4	9	7	6	5
9	5	4	7	6	1	2	8	3
7	2	6	3	5	8	1	4	9
5	1	3	6	7	4	8	9	2
8	4	9	5	1	2	6	3	7
6	7	2	8	9	3	5	1	4

গতকালের সমাধান

		1	3			7		2
		6	2				1	
	2							4
2			6		1	3		9
4		3	8		9			7
1							8	
	5				6	4		
9		4			8	5		

আবহাওয়া

পূর্বাভাস: রবিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৭ ডিগ্রি ও ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২৬ ডিগ্রি ও ১৪ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭০ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।১৬, **সূর্যাস্ত:** ঘ ৫।০২ **জোয়ার:** দুপুর : ১২:০৬। **ভাঁটা:** সকাল ৭:২২।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	63.9273
INR / 1 Euro	76.3867
INR / 100 Jap. YEN	56.7200
INR / 1 Pound Sterling	86.0653

শেয়ারসূচক

BSE	34,056.83 ▲	(+208.80)
NIFTY	10,530.90 ▲	(+53.00)

শব্দলিপি- ১০৭০



অলিভিয়া বিশ্বাস

পাশাপাশি : ১। খাওয়া-পরা ৪। সক্ষম ৫। শ্রীরাধা ৭। সহচরী ৮। শোভাযুক্ত ১০। বড়ো ব্যবসায়ী ১২। নৌচালন প্রতিযোগিতা ১৩। হিন্দু চতুর্বর্ণের সম্প্রদায়বিশেষ

উপরনীচ : ১। ব্যবসাতে টাকা খাটানো ২। উলঙ্গ ৩। পদ্মের কন্দড় ৪। রোগে সম্পূর্ণ বর্জন ৬। স্বার্থপর ৯। তথাপি ১০। অগ্রবর্তী ১১। উল্লাস

সমাধান : শব্দলিপি - ১০৬৯

পাশাপাশি : ১। আনমন ৪। আঁজন ৬। পরধন ৭। জলকমান ৯। মাধবীলতা ১১। পর্দাহীন ১৩। রীতিক ১৪। সংকট

উপরনীচ : ১। নধর ৩। নয়নজল ৪। আঁকাবাঁকা ৫। নয়ননন্দন ৬। পরমাসুন্দরী ৮। লতাপনস ১০। বীতশোক ১২। হীরক

অনুন্নয়নকেই উপনির্বাচনের প্রচারে হাতিয়ার

নিজস্ব সংবাদদাতা, নোয়াপাড়া : অনুন্নয়নকেই উপনির্বাচনের প্রচারে হাতিয়ায় করছে নোয়াপাড়ার সিপিআইএম প্রার্থী গার্গী চট্টোপাধ্যায়। বলেন, নোয়াপাড়ায় ছিটেফোঁটাও উন্নয়ন হয়নি।

কংগ্রেস বিধায়ক মধুসূদন ঘোষের মৃত্যু হওয়ার আগামী বছরের ২৯ জানুয়ারি উপনির্বাচন হবে নোয়াপাড়ায়। গত বিধানসভা নির্বাচনে কংগ্রেস, সিপিআইএম জোট করে নির্বাচনে লড়েছিল। জোট প্রার্থী হিসেবে ভোটে লড়েছিলেন কংগ্রেসের মধুসূদনবাবু। নির্বাচনে জয়ীও হন তিনি।

শুক্রবার সেখানে প্রার্থীর নাম ঘোষণা করে বামফ্রন্ট। ওই কেন্দ্রে গার্গী চট্টোপাধ্যায়কে দাঁড় করানো হয়েছে।

নিজের জেতার ব্যাপারে আশাবাদী গার্গী চট্টোপাধ্যায়। শুক্রবার সাংবাদিক বৈঠক করে তিনি বলেন, উন্নয়নকে হাতিয়ার করে ওরা (তৃণমূল কংগ্রেস) ভোট চাইছে। কিন্তু উন্নয়নের ছিটেফোঁটাও হয়নি নোয়াপাড়া অঞ্চলে। এই কেন্দ্রের অন্তর্গত গারুলিয়া ও উত্তর বারাকপুর পুরসভা দুর্নীতির আখড়া হয়ে উঠেছে। তাঁর অভিযোগ, শিউলি গ্রাম পঞ্চায়েত এলাকায় এতটাই দুর্নীতি হয়েছে যে ওই পঞ্চায়েতের প্রধান ও উপপ্রধান নিখোঁজ।

এবার নোয়াপাড়া কেন্দ্রে চতুর্মুখী লড়াই। ইতিমধ্যে তৃণমূল এবং বামেরা প্রার্থীর নাম ঘোষণা করেছে।

ভাগ্যলিপি

মেষ

জ্ঞানের পরিধি বৃদ্ধি পাবে এবং শান্তি ফিরে আসবে সংসারে।

বৃষ

একটা স্পর্শকাতর বিষয় নিয়ে এগোতে আপনাকে। কোনও রকম সমালোচনার মধ্যে না পড়াই ভালো।

মিথুন

আপনার পরিবারের সদস্যদের নিয়ে কাছে দূরে যেতে পারেন।

কর্কট

আজ আপনার রক্তচাপ বৃদ্ধি পাবে। কাজেই অতি স্পর্শকাতর বিষয় এড়িয়ে চলার চেষ্টা করুন।

সিংহ

পরিশ্রুতি পূরণের কাজ করতে হবে আপনাকে এইজন্য গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে হতে পারে।

কন্যা

বৃহৎ পরিকল্পনা আজ আপনাকে গ্রহণ করতে হতে পারে। যৌথ ব্যবসায়ীক প্রকল্পকে হাত দিতে পারেন আজ।

তুলা

দুপুরের পড়ে পরিচিতদের সঙ্গে মিলিত হতে পারেন।

বৃশ্চিক

ব্যবসায়ী সাফল্য আসবে, হিসেব করে এগিয়ে চলার চেষ্টা করুন।

ধনু

অর্থ আজ বড় সমস্যা হয়ে দাঁড়াবে। ভেবে চিন্তে পথ চলার চেষ্টা করুন।

মকর

শান্তির ভূমিকায় আজ আপনাকে অবতির্ন হতে হবে।

কুম্ভ

সামাজিক ক্ষেত্রে আজ আপনাকে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করতে হতে পারে।

মীন

পিকনিককে পরিবারের সব সদস্যদের নিয়ে অংশ নিতে পারে।

মুখ্যমন্ত্রীর নির্দেশে ভাঙড়ে শান্তি মিছিল

অবৈধ জঙ্গী আন্দোলনকারীদের
বিশাল শান্তি

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ: ভাঙড়েশনিবার ছিল শান্তি মিছিল। নেতৃত্বে মন্ত্রী রেজ্জাক মোল্লা। আরাবুল ইসলাম কাইজার আহমেদ। গত বৃহস্পতিবার জমি রক্ষা কমিটি এবং বিরোধীদের মধ্যে তুমুল গণ্ডগোলের পর গতকাল নবান্নে মুখ্যমন্ত্রী সবাইকে ডেকে পাঠান। একসঙ্গে কাজ করার নির্দেশ দেন। তারপরেই শনিবার শান্তি মিছিল। আরাবুল ইসলামের বক্তব্য, ভাঙড়ে কোনও গোষ্ঠীদ্বন্দ্ব নেই। আমরা তৃণমূল কংগ্রেসের সৈনিক। আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ভাঙড়ে বিদ্যুৎ সহ অন্যান্য উন্নয়ন হবে। আমরা তারই পরিকল্পনা করছি। মন্ত্রী রেজ্জাক মোল্লার বক্তব্য, প্রত্যন্ত এলাকায় বিদ্যুৎ পৌঁছে দেওয়া, লোডশেডিং বন্ধ এবং সার্বিক উন্নয়ন নিয়ে গ্রামের মানুষকে বোঝানো হবে। কিন্তু বহিরাগত দুস্কৃতীদের দ্বারা দু'একজন স্থানীয় মানুষ গণ্ডগোল করছে। তাদের আমরা ডেকে আলোচনা করব। মুখ্যমন্ত্রীর এই হস্তক্ষেপ আগামী দিনে ভাঙড়কে কোন পথে নিয়ে যায় সেটাই দেখার।

উলুবেড়িয়ায় দুর্ঘটনায় ছেলের সামনে মায়ের মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: ছেলের সামনে মায়ের মৃত্যু হল। যার জেরে উত্তেজনা ছড়াল এলাকায়। ঘটনাটি ঘটেছে শনিবার হাওড়ার উলুবেড়িয়ার ৬ নম্বর জাতীয় সড়কের উপর। জানা গিয়েছে, মাকে নিয়ে বাইকে করে যাচ্ছিলেন তার ছেলে। সেই সময়ে হাওড়ার উলুবেড়িয়ার ৬ নম্বর জাতীয় সড়কে একটি লরি হঠাৎই দাঁড়িয়ে পড়ে। পেছনেই বাইকে ছিলেন মা ও ছেলে। লরিটিকে পাশ কাটিয়ে বেরনোর সময় বাইকের লুকিং গ্লাস লরিটির পিছনে আটকে যায়। দু'জনেই বাইক থেকে ছিটকে পড়েন। এই দুর্ঘটনায় মাঝবয়সি মা মারা যান। এরপর উত্তেজিত জনতা এলাকায় বিক্ষোভ দেখান। তাঁরা ৬ নম্বর জাতীয় সড়ক অপরোধ করেন। ঘটনাস্থলে আসে উলুবেড়িয়া থানার পুলিশ। পুলিশের সামনে উত্তেজিত জনতা বিক্ষোভ দেখায়। পুলিশ ওই লরিটিকে আটক করেছে। প্রসঙ্গত, ৬ নম্বর জাতীয় সড়কে এমন ঘটনা প্রতিনিয়ত হয়। এক্ষেত্রে বেপরোভাবে গাড়ি চালানোই দায়ী বলে মনে করেন প্রত্যক্ষদর্শীরা।

নাবালিকাকে ধর্ষণের চেষ্টার অভিযোগে গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা, রামপুরহাট : নাবালিকাকে ধর্ষণের চেষ্টার অভিযোগে গ্রেফতার করা হল গৃহশিক্ষককে। ঘটনাটি বীরভূমের রামপুরহাট পুরসভার চার নম্বর ওয়ার্ডের ডাকবাংলো পাড়ার। ধৃতের নাম আতাউর রহমান। ঘটনার পর গৃহশিক্ষকের বাড়িও ভাঙচুর করা হয়। শুক্রবার সন্ধ্যায় গৃহশিক্ষক আতাউরের বাড়িতে পড়তে যায় ওই নাবালিকা। অভিযোগ, পড়া শেষে সবাইকে ছুটি দিলেও ওই নাবালিকাকে থেকে যেতে বলে আতাউর। তাকে রামপুরহাট শহরের একটি স্কুলে ভর্তি করার টোপ দেয়। এরপর একটি ঘরের মধ্যে নিয়ে গিয়ে তাকে ধর্ষণের চেষ্টা করে। নাবালিকার চিৎকারে এলাকার লোক সেখানে এলে ছেড়ে দেয় সে। এরপর ওই শিক্ষকের বাড়ি ভাঙচুর করেন নাবালিকার পরিবারের লোকজন। শনিবার সকালে ছাত্রীর পরিবারের তরফে থানায় অভিযোগ দায়ের করা হয়। অভিযোগের ভিত্তিতে ওই গৃহশিক্ষককে গ্রেফতার করেছে পুলিশ।

জটিল অস্ত্রোপচারে সফল বিএন বসু হাসপাতালের চিকিৎসকরা

নিজস্ব সংবাদদাতা, বারাকপুর : নেই উন্নত পরিকাঠামো। তা সত্ত্বেও অসাধ্য সাধন করলেন বারাকপুর বিএন বসু হাসপাতালের চিকিৎসকরা। জটিল অস্ত্রোপচারে নিশ্চিত মৃত্যুর হাত থেকে ফিরিয়ে আনলেন এক রোগীকে। প্রসব যন্ত্রণায় নদিয়ার শক্তিনগরের বাসিন্দা ডলি কর্মকারকে কৃষ্ণনগর সদর হাসপাতালে ভর্তি করা হল। চিকিৎসকরা তাঁর শারীরিক পরীক্ষা করে জানান, ফেলোপিন টিউবের মধ্যে গর্ভধারণ করেছেন ওই প্রসূতি। হাসপাতালে কর্তৃপক্ষ জানিয়ে দেয়, এই রোগের চিকিৎসা ওই হাসপাতালে সম্ভব নয়। দ্রুত কলকাতায় নিয়ে যাওয়ার ব্যবস্থা করা হয় ওই রোগীকে। তবে কিছুদূর যেতেই পরিবারের লোকেরা বুঝতে পারেন, ক্রমশই সঙ্কটজনক হচ্ছে রোগীর অবস্থা। এভাবে বেশি দূর নিয়ে যাওয়া যাবে না তাঁকে। তখনই বারাকপুর বিএন বসু হাসপাতালে নিয়ে যাওয়া হয় ডলিদেবীকে। সেখানকার চিকিৎসকরা পরীক্ষা করে বুঝতে পারেন, যত দ্রুত সম্ভব অস্ত্রোপচার প্রয়োজন ডলিদেবীর। জটিল অস্ত্রোপচারে সফল বিএন বসু হাসপাতালের চিকিৎসরা। স্বভাবতই খুশি ডলিদেবীর পরিবারের সদস্যরা।

সলপে অনুষ্ঠিত হল গ্রামসভা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : তৃণমূল সরকারের আমলে রাজ্যের বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এলাকায় বেড়েছে কাজের বরাত। উন্নয়নের ছোঁয়া লেগেছে সর্বত্র। এখন পঞ্চায়েত ব্যবস্থার ওপর মানুষের বিশ্বাস বেড়েছে। গ্রামসভাগুলিতে বেড়েছে মানুষের উপস্থিতি। পঞ্চায়েতের সদস্য সহ সাধারণ মানুষও এখন গ্রামসভায় যাচ্ছে। ঠিক সেরকমই হাওড়ার ডোমজুড় থানার সলপে অনুষ্ঠিত হল গ্রামসভা। সলপ ১নম্বর গ্রাম পঞ্চায়েতের অধীনে এই গ্রামসভা অনুষ্ঠিত হয়। এই গ্রামসভায় যারা ১০০ দিনের কাজ করেন তাদের কাজের পোশাক দেওয়া হয়। সলপ ১ নম্বর পঞ্চায়েতের এসসি, এসটি, ওবিসি'র চেয়ারপার্সন গোলাপ ঘোষ জানান, শুধু ১০০ দিনের কাজেরই নয়, সমস্তগ্রাম বাসীকেই আমাদের পক্ষ থেকে উপহার দেওয়া হয়েছে। ফল, মিষ্টি ও নতুন বছরের ডায়েরি ও ক্যালেন্ডার দেওয়া হয়েছে বলে গোপালবাবু জানান। গ্রামের সব মানুষকে গ্রামসভায় উপস্থিত থাকার আয়োজন করা হয় হাওড়ার সলপ ১ নম্বর পঞ্চায়েতের পক্ষ থেকে। পাশাপাশি নতুন বছরের শুভেচ্ছা ও উপহার পেয়ে খুশি উপস্থিত সকল সদস্য ও গ্রামবাসীরা।

তিন তালাক বিরোধী ইসরাত যোগ দিলেন বিজেপিতে

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : তিন তালাক খ্যাত ইসরাত জাহান ছিলেন বিপ্লবের মুখ। তাঁর বিপ্লবী কর্মকাণ্ড এখন গোটা দেশে নজির গড়েছে। দেশের যে ৫জন মহিলা তিন তালাক নিষিদ্ধ করার জন্য দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টে মামলা করেছিলেন তাঁদের মধ্যে অন্যতম ছিলেন হাওড়ার টিকিয়াপাড়ার নন্দ বোস লেনের বাসিন্দা ইসরাত। প্রবাসে ফোনে তাঁর স্বামী তাকে তিন তালাক দিয়েছিলেন তার পরেরটা ইতিহাস। সর্বোচ্চ আদালত ইসরাতদের পক্ষে রায় দিয়েছিল। তা আইনসভায় পাসও হয়ে যায়। সেই হাওড়ার টিকিয়াপাড়ার বাসীন্দা ইসরত শনিবার যোগ দিলেন। বিজেপিতে। শনিবার দুপুরে হাওড়ার বিজেপির সদর অফিসে এসে ইসরাত বিজেপিতে যোগ দিলেন। এই যোগদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজেপি কাউন্সিলর অনিতা সিং, বিজেপির মহিলা মোর্চার সভানেত্রী দুর্গাবতী সিং প্রমুখ। ইসরাত সাংবাদিকদের মুখোমুখি হয়ে জানান। দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ওপর আস্থাশীল হয়েই তিনি বিজেপিতে যোগদান করেছেন। পাশাপাশি কেন্দ্রে এই সরকারের আমলেই। তিন তালাকের বিরুদ্ধে নতুন করে আইন প্রণয়ন হয়েছে। পাশাপাশি ইতিমধ্যেই রাজনৈতিক মহলের খবর, ইসরাত উলুবেড়িয়া উপনির্বাচনে বিজেপির প্রার্থী হচ্ছেন। তাই বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ।

মুর্শিদাবাদ জেলা খেলার মান উন্নত করতে পারেনি

নিজস্ব সংবাদদাতা, বহরমপুর : ডিএসও (ডিস্ট্রিক্ট স্পোর্টস অথরিটি) মুর্শিদাবাদ জেলার খেলার মান উন্নত করতে পারেনি। এমনকী, বহরমপুর স্টেডিয়ামকেও উন্নত করতে পারেনি। শনিবার বহরমপুর ব্যারাক স্কোয়্যোর মাঠে জেলা পুলিশের সম্প্রীতি কাপের উদ্বোধন করতে এসে একথাই বললেন খোদ জেলাশাসক পি উল্লানাথন। পাশাপাশি এই টুর্নামেন্টের ব্যাপারে কথা বলতে গিয়ে তিনি জানান, স্টেডিয়াম ও খেলার মানোন্নয়নের জন্য আমরা বেশ কয়েকটি পদক্ষেপ নিয়েছি।

সাধারণ মানুষের আরও কাছাকাছি পৌঁছতে জেলা পুলিশ ও জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী। পুলিশ ও সাধারণ মানুষের মধ্যে ব্যবধান দূর করার লক্ষ্যে শনিবার বহরমপুরে শুরু হল জেলা পুলিশের উদ্যোগে সম্প্রীতি ফুটবল কাপ। দু'দিনের এই খেলায় নদিয়া ও মুর্শিদাবাদ জেলার মহিলা পুলিশ দলও অংশগ্রহণ করেছে। টুর্নামেন্টের উদ্বোধন করেন জেলাশাসক পি উল্লানাথন। তাঁর সঙ্গে ছিলেন জেলা পুলিশ সুপার মুকেশ কুমার। উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য রাখতে উঠে উল্লানাথন বলেন, মুর্শিদাবাদ জেলায় খেলাধুলো ভাল হচ্ছে না। এটা আমাদের দুর্ভাগ্য যে ডিএসও সেভাবে খেলার মান উন্নত করতে পারেনি। স্টেডিয়ামের পরিকাঠামো পরিবর্তনে আমরা ইতিমধ্যেই পরিকল্পনা নিয়েছি। জেলা প্রশাসন ও পুলিশের পক্ষ থেকেও খেলার মান বাড়ানোর চেষ্টা চলছে।

পাঁচলায় জরি শিল্পীদের দাবি আদায়ে বৈঠক

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার পাঁচলা থানার ধুলোর বাঁধে ৩১ ডিসেম্বর সারাদিন ধরে ২৫ দফা আদায়ের লক্ষ্যে আন্দোলন গড়ে তুলতে এক হলে বিশেষ বৈঠক অনুষ্ঠিত হবে। প্রস্তুতি, চলছে জোরকদমে। কটি দাবি আদায় হলেও গুরুত্বপূর্ণ কয়েকটি দাবি কেন্দ্রীয় ও রাজ্য সরকারের অধীনে থাকায় সেই দাবির প্রতি সমর্থন আদায়ের লক্ষ্যে আন্দোলন গড়ে তুলতে বিশেষ করে এই বৈঠক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে বলে জানিয়েছে কয়েকটি মাধ্যম। রাজ্যে সামনেই ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন ও ২৯ জানুয়ারি উলুবেড়িয়ায় উপনির্বাচন। তার আগে এই বৈঠক গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে বলে জেলা অভিজ্ঞমহলের ধারণা। কারণ, হাওড়া জেলার গ্রামীণ অর্থনীতির সঙ্গে ওতপ্রোতভাবে যুক্ত এই জরি শিল্পীদের একটা অংশ বংশপরম্পরায় বসবাস করে। এই জরি শিল্পীদের করুণ অবস্থা। তাই এই বৈঠক নিয়ে রাজনৈতিক দল ও নেতার চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে।

সামনে উপনির্বাচন। পঞ্চায়েতের ওই অংশের মানুষ যেদিকে ঝুঁকবে ভোটের ফলাফল নির্ধারিত হবে তাদের অনুকূলেই কারণ, ২০০৭-২০১৭ দীর্ঘ সময় ধরে চলা আন্দোলন মহিরূপে পরিণত হয়েছে। বহু লড়াই সংগ্রামের মাধ্যমে শনিবার এরা সুসংগঠিত। তাই এই বিষয়টি রাজনৈতিক দল ও নেতা-কর্মীদের মাথাব্যাথার কারণ হয়ে দাঁড়িয়েছে। এই পাঁচলা থেকে আন্দোলন ছড়িয়ে পড়েছে সারা ভারতে যার নেতৃত্বে পাঁচলার ভূমিপুত্র জনাব মুজিবর রহমান মল্লিক। সারা ভারত জরি শিল্পী কল্যাণসমিতির সর্বভারতীয় সম্পাদক মল্লিক জানান, তিল তিল করে গড়ে তোলা সংগঠন আজ আন্দোলনের মাধ্যমে সরকারের উত্থান ও পতনের কারণ হয়ে দাঁড়িয়েছে। দীর্ঘ সময় ধরে আমরা ব্লক, মহকুমা, জেলা, রাজ্যেও কেন্দ্রীয়ভাবে সবসময় সরকারের জনপ্রতিনিধি ও সরকারি আধিকারিকদের বোঝানোর চেষ্টা করছি। জরি শিল্পের ও শ্রমিকদের উন্নয়নে কিন্তু সেভাবে কোনও সরকারই সঠিক বিচার ও বিবেচনা করেনি। জরির কাজের ওস্তাগার, শিল্পী ও শ্রমিকদের পরিবার এমনকী প্রত্যক্ষ ও পরোক্ষভাবে শিল্পকর্মে যুক্ত হাওড়া, পশ্চিমবঙ্গ ও এই ভূ-ভারতের অন্যান্য রাজ্যের মানুষ। কিন্তু আমাদের রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের মন্ত্রী ও অধিকারিকদের দৃষ্টি আকর্ষণ করেও কোনওভাবেই সুফল শিল্পী ও শ্রমিক পাচ্ছে না। সরকারি উদাসীনতা এভাবে চলতে থাকলে এই শিল্পকর্মে সাফল্য সম্ভব নয়। শুভ উদ্যোগের অভাবে এই শিল্পে বন্ধ্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

AFFIDAFIT

I, Dulal Sadhu, S/O Late Paresh Nath Sadhu resident of Vill. Shyambandh. Post Burnpur, P.S. Hirapur, Dist- Paschim Bardhaman, (W.B.) declare that I am a dealer of K.Oil (retail Shop) Situated at 51/174, Shyambandh, Burnpur, holding No. 51/174 of A.M.C. Ward No.45/95. Now my said business place hasbeen changed as new Holding No.387/175 instead of old holding No.51/ 174. and I alongwith my elder brother Dilip Kr. Sadhu are the owner of the said holding as per affidavit executive Magistrate at Assansol on 29.12.17